যুগান্তর

তারিখ ... 25 APR 2013
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ৪ ......

# হাতিরপুলের মেহেরুন্নিসা গার্লস স্কুল রক্ষার জন্য আবেদন

যুগান্তর রিপোর্ট

রাজধানীর হাতিরপুল এলাকার মেহেরুন্নিসা গার্লস স্কুল এন্ড কলেজকে কুচক্রী মহলের হাত থেকে রক্ষা করতে প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীসহ সংশ্লিষ্ট সবার হস্তক্ষেপ কামনা করেছেন স্থানীয় অধিবাসী ও কলেজ কর্তৃপক্ষ। গতকাল জাতীয় প্রেস ক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ওই কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কানিজ হায়দার অভিযোগ করেন, স্কুলের সাময়িকভাবে বরখাস্ত শিক্ষিকা দিলশাদ খানম ও স্থানীয় নুরুল ইসলাম মন্টু এই কুচক্রী মহলের হোতা। তারা নিজেদের স্বার্থ চরিতার্থ করতে প্রতিষ্ঠানের নামে অপপ্রচার চালিয়ে যাচ্ছেন।

অধ্যক্ষ কানিজ হায়দার বলেন, গত ২০ এপ্রিল ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে ওই চক্রটি সাংবাদিক সম্মেলন করে প্রতিষ্ঠানবিরোধী অসত্য ও ভুল তথ্য সরবরাহ করেছে। তিনি বলেন, এই কলেজের নাম নিয়ে বিভ্রান্তির সৃষ্টি করা হচ্ছে। প্রকৃতপক্ষে প্রতিষ্ঠানটির নাম 'মেহেরুন্নিসা গার্লস স্কুল এন্ড কলেজ'। বাংলাদেশ কৃষি ব্যাংক রেমিটেন্সের বিষয়ে তাদের ব্যাংকে একটি করে মনিটরিং সেল গঠন করেছে।